গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

## 'বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন' নামক ডকুমেন্টেশন তৈরী এবং পুস্তিকা প্রকাশের নিমিত্ত গঠিত উপ-কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ: ১৪ নভেম্বর, ২০১৯।
সময়: বিকাল ০৩.০০ ঘটিকা।
সভার স্থান: সাধারণ অর্থনীতি বিভাগের প্রধান মহোদয়ের সভা কক্ষ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
সভাপতি: জনাব মো: মফিদুল ইসলাম
পরিকল্পনা কমিশন, ঢাকা।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে গত ২৮-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত এই কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত/সুপারিশের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভাপতি অত:পর 'বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন' নামক পুস্তিকার রূপরেখা ও বিষয়বস্তু প্রসঙ্গে সবাইকে মতামত প্রদানের অনুরোধ জানান। সভাপতি বলেন যে, বঙ্গবন্ধুর কৃষি, শিল্প এবং অবকাঠামো সেক্টর সংক্রান্ত উন্নয়ন ভাবনাগুলো পুস্তিকায় অন্তর্ভুক্ত হতে পারে। তাছাড়া সভাপতি আরো বলেন যে, বঙ্গবন্ধুর সময়ে প্রণীত পঞ্চবার্ষিকী পরিকল্পনার বর্ণনা এতে থাকতে পারে। জনাব মো: মোশারফ হোসেন, যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ বলেন যে, বঙ্গবন্ধু তাঁর জীবদ্দশায় যে সকল উন্নয়ন প্রকল্প পরিদর্শন করেছেন তার সচিত্র বর্ণনা পুস্তিকায় থাকতে পারে। তিনি আরো বলেন যে, উক্ত পুস্তিকায় মাননীয় প্রধানমন্ত্রীর ১০ (দশ) টি স্বপ্নের সচিত্র বর্ণনা অন্তর্ভুক্ত করা যেতে পারে। সভাপতি বলেন যে, পরিকল্পনা প্রক্রিয়ার ধারাবাহিক বিবর্তন বিষয়টিও পুস্তিকায় অন্তর্ভুক্ত করা যেতে পারে। সভাপতি অত:পর পুস্তিকায় অন্তর্ভুক্ত করার যোগ্য আরো কিছু বিষয় সভায় উপস্থাপন করেন। সদস্যগণ উক্ত বিষয়সমূহ পুস্তিকায় প্রকাশ করার অনুকূলে মতামত প্রকাশ করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

(১) 'বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন' নামক পুস্তিকার রূপরেখা ও বিষয়বস্তু অতি সত্বর নির্ধারণ করা হবে।

(২) উক্ত পুস্তিকায় বঙ্গবন্ধুর কৃষি, শিল্প এবং ভৌতঅবকাঠামো এবং আথ-সামাজিক সেক্টর সংক্রান্ত উন্নয়ন ভাবনাসমূহ অন্তর্ভুক্ত হবে। এতে বঙ্গবন্ধুর সময়কালীন বছর ভিত্তিক এডিপি'র বর্ণনা থাকতে পারে। সংশ্লিষ্ট সেক্টরের প্রতিনিধিগণ এ বিষয়ে রাইট-আপ প্রদান করবেন। তাছাড়া বঙ্গবন্ধু তার জীবদ্দশায় যে সকল উন্নয়ন প্রকল্প পরিদর্শন করেছেন তার সচিত্র বর্ণনা পুস্তিকায় থাকবে।

(৩) মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি স্বপ্নের সচিত্র বর্ণনা পুস্তিকায় অন্তর্ভুক্ত হবে।

(৪) পরিকল্পনা কমিশন গঠন বিষয়টি পুস্তিকায় অন্তর্ভুক্ত করা হবে।

(৫) পুস্তিকাটি অধিক চিত্র/ফটো সম্বলিত হবে এবং তা 'বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন' ভিডিও ক্লিপের আদলে প্রণীত হবে।

৩.০ অতঃপর সভায় আর কোন কিছু আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫।১১।১৯
(মো: মফিদুল ইসলাম)
আহবায়ক
'বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন' নামক ডকুমেন্টেশন
তৈরী এবং পুস্তিকা প্রকাশের নিমিত্ত গঠিত উপ-কমিটি
ও
প্রধান
সাধারণ অর্থনীতি বিভাগ
পরিকল্পনা কমিশন, ঢাকা।

নং-২০.০০.০০০০.৩৩২.১৬.০১২.১৯.৫০২

তারিখঃ ০২ অগ্রহায়ণ, ১৪২৬
১৭ নভেম্বর, ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান (সংযুক্ত), এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. জনাব আ.ন.ম রোকন উদ্দিন, যুগ্মপ্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩. ড. ইমতিয়াজ মাহমুদ, উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।
৪. জনাব মো: মোশারফ হোসেন, যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৫. ড. মো: মোস্তাফিজুর রহমান, যুগ্মপ্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬. জনাব মোহাম্মদ আনোয়ার উদ্দিন, উপপ্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৭. ড. উত্তম কুমার দাশ, উপসচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), পরিকল্পনা বিভাগ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অফিস কপি।

১৭/১১/১৯
(মো: ইসরাত হোসেন খান)
সদস্য সচিব,
"বাংলাদেশ পরিকল্পনা কমিশন দিবস উদ্‌যাপন,
'বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন' নামক ডকুমেন্টেশন
তৈরী ও 'আলোক চিত্র প্রদর্শনী' সংক্রান্ত বাস্তবায়ন
উপ-কমিটি"
ও
যুগ্মসচিব
পরিকল্পনা বিভাগ, ঢাকা।
ফোনঃ ৯১১৭৯১৪

১৪-১১-২০১৯ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু ও পরিকল্পনা কমিশন নামক ডকুমেন্টেশন তৈরী এবং পুস্তিকা প্রকাশের নিমিত্ত গঠিত উপকমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকাঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | মো: ইসরাত হোসেন খান<br>যুগ্মসচিব | প্রতিষ্ঠান বিভাগ | [signature] |
| ৩. | ড. ইশতিয়াক মাহমুদ<br>উপ-প্রধান | [illegible] ইউনি:<br>[illegible] | [signature] |
| ৪. | ড. মো: মোস্তাফিজুর রহমান<br>যুগ্ম-প্রধান | শিল্প ও শক্তি বিভাগ | [signature] |
| ৫. | ড. উত্তম কুমার [illegible]<br>উপসচিব | পরিকল্পনা বিভাগ | [signature] |
| ৬. | মো: তমিজ উদ্দীন আহমেদ<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট | পরিকল্পনা কমিশন | [signature] |
| ৭. | মো: মোশারফ হোসেন<br>যুগ্ম-প্রধান | ভৌত অবকাঠামো বিভাগ, পা/ক | [signature] ১৪।১১।১৯ |
| ৮. | এস. এম. আরশাদ ইমাম<br>উপ-প্রধান, কৃষি বিভাগ, পরিকল্পনা কমিশন | [illegible] | [signature] |
| ৯. | | | |
| ১০. | | | |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |
| ১৫. | | | |
| ১৬. | | | |